

### মিটিং মিনিটস্

অদ্য ০৬/০৪/২০১৭ ইং রোজ সোমবার সকাল ১০.০০ ঘটিকায় ত্রিশাল ট্রেনিং সেন্টারে সংস্থার নির্বাহী পরিচালক মহোদয়ের সভাপতিত্বে মাসিক মিটিং অনুষ্ঠিত হয়। উক্ত মিটিং এ যে সকল বিষয়ে আলোচনা করা হয় এবং যে সকল বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয় তা ক্রমানুসারে নিম্নে উল্লেখ করা হলো।

- **অর্থ/ নারী ঘটিত অপরাধ :** যদি কেহ, কোন ধরনের অর্থ/ নারী ঘটিত অপরাধে জড়িয়ে গেছে, এমন প্রমান পেলে তাহার বিরুদ্ধে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। এ ছাড়া শাখা পর্যায়ে যাতে কোন অনৈতিক ঘটনা সংঘটিত হতে না পারে সে দিকে সকলকে সজাগ দৃষ্টি রাখতে পরামর্শ দেওয়া হয়।
- **ম্যাসেজ রেজিষ্টার তৈরী :** শাখা পর্যায়ে ম্যাসেজ রেজিষ্টার তৈরী করা এবং তারিখ অনুযায়ী বার্তা সংরক্ষণ করার জন্য বলা হয়।
- **অগ্রিম কিস্তি ও সঞ্চয় আদায় :** অগ্রিম কিস্তি ও সঞ্চয় আদায়ের ক্ষেত্রে সদস্যরা মোবাইলে (সিও মোবাইল দ্বারা) বি.এম কে সদস্য অবগত করবে। উক্ত বিষয়টি ইস্যু ভিত্তিক আলোচনা হিসাবে সমিতি পর্যায়ে আলোচনা করতে হবে।
- **পাশবই ইস্যু :** নতুন সদস্য ভর্তি হলে অথবা সদস্য সমন্বয় হওয়ার পর চলমান থাকলে তাকে অবশ্যই এক সপ্তাহের মধ্যে নতুন পাশবই দিতে হবে।
- **সদস্য ও কর্ম এলাকায় ব্যক্তিগত লেনদেন করা যাবেনা :** সদস্যদের সাথে এবং কর্ম এলাকায় কারো সাথে কোন প্রকার ব্যক্তিগত আর্থিক লেনদেন করা যাবেনা। উক্ত বিষয়টি নিয়ে সমিতি পর্যায়ে আলোচনা করার জন্য বলা হয়।
- **সঞ্চয় ও ঋণের কিস্তি পাশ বইতে লেখা :** সঞ্চয় ও ঋণের কিস্তি অবশ্যই পাশ বইতে লিখে কিস্তি আনতে হবে। এর ব্যতিক্রম হলে শাস্তি মূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।
- **নিষ্কৃত সদস্যের সঞ্চয় :** যে সকল সদস্য ঋণের সাথে সঞ্চয় সমন্বয় করে চলে গিয়েছে এবং দীর্ঘদিন যাবৎ নিষ্কৃত অবস্থায় সদস্যের সামান্য সঞ্চয় পড়ে আছে, তাদের সঞ্চয় উত্তোলন করে, বিবিধ আয় খাতে জমা দিতে হবে।
- **প্রভিশন সংক্রান্ত :** প্রভিশন সংক্রান্ত কোন প্রকার ভুল ত্রুটি থাকলে এপ্রিল/২০১৪ ইং মাসের মধ্যে মিল করতে হবে এবং প্রভিশন রেজিষ্টারে কোন প্রকার কাটাকটি করা যাবে না ও সমন্বয়ের পর সমন্বয়কৃত সদস্যের সঞ্চয়ের সুদ প্রভিশন করা যাবে না।
- **কিস্তি ভরানো :** অনেক সময় সি.ও এবং ই.ডি.ও দ্বারা কিস্তি ভরানো হয়, এত করে আরো বেশী অনিয়মের জন্য নিতে পারে, তাই সি.ও এবং ই.ডি.ও দের দ্বারা কোন প্রকার কিস্তি ভরানো যাবেনা।
- **সমিতি পরিদর্শন :** এ.এম এবং বি.এম দের কে সমিতি পরিদর্শনে বিশেষ গুরুত্ব দিতে পরামর্শ দেওয়া হয় এবং সমিতির শৃংখলা ও অফিস ব্যবস্থাপনার প্রতি গুরুত্ব দিতে পরামর্শ দেওয়া হয়। সমন্বয়কৃত সদস্যদের পাশবই ও সীট যাচাই করার জন্য এ.এম এবং বি.এম দের কে পরামর্শ প্রদান করা হয়।
- **কালেকশন সীট ক্লোজ করা :** কম্পিউটার কালেকশন সীট মাস শেষে ক্লোজ না করা এবং সীটে বি.এম/ এম.আই.এস এর যাচাই করা ও স্বাক্ষর দেওয়া ঘটতি আছে। আবার কোন কোন ক্ষেত্রে সি.ও এর স্বাক্ষর ঘটতি আছে। তাই মাস শেষে কম্পিউটার কালেকশন সীট ক্লোজ করতে হবে এবং বি.এম/ এম.আই.এস অফিসারদে কে যাচাই করে ও স্বাক্ষর দেওয়ার জন্য বলা হল।
- **ব্যালেন্সিং :** পাশবই ছাড়া যাহারা ত্রৈমাসিক ব্যালেন্সিং করেছেন তাহাদের পুনরায় ব্যালেন্সিং করতে হবে।
- **কম্পিউটার রিপোর্ট :** সাপ্তাহিক/ মাসিক ম্যানুয়াল রিপোর্ট এর সাথে কম্পিউটার রিপোর্ট দিতে হবে এবং ম্যানুয়াল রিপোর্ট এর সাথে কম্পিউটার রিপোর্ট ক্রস চকে দিয়ে মিল করতে হবে।
- **পি.কে.এস.এফ এর ডি.ডি. :** পি.কে.এস.এফ এর ডি.ডি. প্রেরণ নিয়ে আলোচনা করা হয়।
- **অডিট অফিসাগনের কৌশল পরিবর্তন :** অডিট অফিসাগনের কৌশল পরিবর্তনের মাধ্যমে অডিট কার্য পরিচালনা করার ব্যাপারে পরামর্শ দেওয়া হয়।



- এ.এম দের শাখা পরিদর্শন : শাখা পরিদর্শনে এ.এম দের আরো গুরত্ব সহকারে শাখার কাগজ পত্র যাচাই এবং সমস্যা উদঘাটনের জন্য নানা রকম কৌশল অবলম্বন করার পরামর্শ দেওয়া হয়।
- জামানত চেক : জামানত চেকে অবশ্যই আসপাড়া লেখতে হবে এবং জামানত চেক প্রোফাইলের সাথে রাখতে হবে।
- আংশিক সঞ্চয় দিয়ে কিস্তি আদায় : কোন অবস্থায় আংশিক সঞ্চয় দিয়ে ঋণের কিস্তি আদায় করা যাবে না।
- অগ্রিম কিস্তি ও সঞ্চয় আদায় করে আত্মসাৎ : কোন কোন শাখায় বি.এম কে না জানিয়ে সি.ও সদস্যের নিকট থেকে অগ্রিম কিস্তি ও সঞ্চয় আদায় করে অফিসে জমা না দিয়ে আত্মসাৎ করছে। এ ব্যাপারে সতর্ক থাকতে হবে এবং বি.এম কে না জানিয়ে যাতে কোন প্রকার অগ্রিম টাকা না আনতে পারে সে ব্যাপারে ব্যবস্থা নিতে হবে।
- কালেকশন সীট যাচাই : প্রতিদিন সি.ও গন কালেকশন করে আসার পর বি.এম এবং এম.আই.এস অফিসার অবশ্যই কালেকশন সীট যাচাই করবেন। যাচাই কালে সমস্যা দেখা দিলে সংশ্লিষ্ট সি.ও এর নিকট জবাবদিহিতা নিবেন। এ.এম গন শাখা পরিদর্শনে গেলে, অবশ্যই কালেকশন সীট যাচাই করবেন এবং যাচাইকৃত কালেকশন সীটে অবশ্যই স্বাক্ষর দিবেন।
- ঋণ সমন্বয়ের উপর বি.এম দের নজর না দেওয়া : শাখা পরিদর্শন কালে সমন্বয় রেজিস্টার যাচাই করলে দেখা যায় যে সমন্বয় রেজিস্টার আপডেট ঘটতি থাকে। এতে প্রমান হয় সমন্বয় রেজিস্টারের প্রতি বি.এম দের নজরদারী কম। তাই সমন্বয় রেজিস্টার টি যাতে বি.এম নিজেই সংরক্ষন করেন সে ব্যাপারে পরামর্শ প্রদান করা হয়।
- সাপ্তাহিক এরিয়া মিটিং : সাপ্তাহিক এরিয়া মিটিং এ বি.এম দের নিকট থেকে অফিসিয়াল সকল বিষয়ে জবাবদিহিতা নেওয়ার জন্য এ.এম গন কে পরামর্শ দেওয়া হয়।

সর্বশেষ সভাপতি সাহেব সকলের সুস্বাস্থ্য ও সংস্থার কর্মসূচীর সমৃদ্ধি কামনা করে, সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

ধন্যবাদান্তে



লায়ন আলহাজ্ব মোঃ আবদুর রশিদ

নির্বাহী পরিচালক

আসপাড়া পরিবেশ উন্নয়ন ফাউন্ডেশন